



চট্টগ্রাম: নতুন পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবিতে প্রেসক্রামের সামনে গতকাল মাধ্যমিকের শিক্ষার্থীদের মানববন্ধন -ইত্তেফাক

নতুন পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবিতে চট্টগ্রামে মানববন্ধন

■ চট্টগ্রাম অফিস

২০১৭ সালের এসএসসি ও এইচএসসি'তে নতুন পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবিতে মানববন্ধন করেছে চট্টগ্রামের শিক্ষার্থীরা। গতকাল বুধবার সকাল ১১টায় চট্টগ্রাম প্রেসক্রাম চত্বরে মানববন্ধনে অংশ নেয় নগরীর বিভিন্ন স্কুলের কয়েকশ' শিক্ষার্থী। মানববন্ধনে '৭টি সৃজনশীল লিখবো না', 'বছর বছর অণগতাত্মিকভাবে পরীক্ষা পদ্ধতি বাতিল করা চলবে না', 'বিষয়ভিত্তিক অভিজ্ঞ শিক্ষক নিয়োগ করো' ইত্যাদি প্ল্যাকার্ড গলায় ঝুলিয়ে প্রতিবাদ জানায় শিক্ষার্থীরা।

মানববন্ধনে অংশ নেয়া নগরীর একটি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ওয়াকিল বিন নিজাম বলেন, বারবার পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করাটা যন্ত্রণাদায়ক। এটি মেনে নেয়া যায় না। আমরা অবিলম্বে আগের পরীক্ষা পদ্ধতি বহাল রাখার দাবি জানাচ্ছি। এক ছাত্র অভিযোগ করেন, আগে যেখানে ২ ঘণ্টা ১০ মিনিটে ৬টি সৃজনশীল প্রশ্নের উত্তর লিখতে হতো, নতুন পদ্ধতিতে ২ ঘণ্টা ২০ মিনিটে আমাদের ৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর লিখতে হবে। যেটি কোনভাবেই সম্ভব নয়। '২০১৭ সালের এসএসসি-এইচএসসি পরীক্ষার্থীবৃন্দ' লেখা ব্যানারে মানববন্ধনে অংশ নেয় নাসিরাবাদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, ডা. খাত্তাবীর সরকারি উচ্চ বিদ্যালয়, সেন্ট হুগাসটিকা হাইস্কুল, সিলভার বেলস স্কুল অ্যান্ড কলেজসহ নগরীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা জানান, ফেসবুকে 'রিকি ক্রাস নাইন' নামে আন্দোলনকারীদের একটি গ্রুপ আছে। সেখানে তারা কয়েকদিন ধরে আলোচনার পর এ মানববন্ধন কর্মসূচির ঘোষণা দেয়।